



২২ ডিসেম্বর ২০২৪

নোটিশ

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, বিগত কিছু দিন যাবৎ সামাজিক যোগাযোগ মাধ্যমে নামে/বেনামে বিশ্ববিদ্যালয়ের স্বার্থ ও শৃঙ্খলা পরিপন্থী সম্পূর্ণ অসত্য ও তথ্য নির্ভর নয় এমন তথ্য দিয়ে পোস্ট দেওয়া হচ্ছে। এসকল পোস্টের বিষয়বস্তুর সাথে বাস্তবতার লেশমাত্র নেই। উদ্দেশ্যমূলক ভাবে বিভ্রান্তি ছড়ানোর লক্ষ্যে দেয়া এ সকল পোস্টের কারণে বিশ্ববিদ্যালয়ের সুনাম দারুণভাবে ক্ষুণ্ণ হচ্ছে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে বিশ্ববিদ্যালয়ের স্বার্থ ও শৃঙ্খলা পরিপন্থী কোনো প্রকার ভিত্তিহীন, অসত্য বা তথ্য নির্ভর নয়, এধরনের আত্মঘাতী পোস্ট না দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে, এমন যে কোনো পোস্ট কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হলে, সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের আচরণবিধি ভঙ্গের দায়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা বা ডিসিপ্লিনারি অ্যাকশন গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য হবে।

মো: গোলাম রব্বানী শামীম

প্রক্টর

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

